

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০১.২২.৯৮

তারিখ: ০৫ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ।
১৯ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ।


বিষয়: চাঁদপুর জেলার ছেংগারচর পৌরসভায় কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদান বিষয়ে তথ্যাদি প্রেরণ প্রসংগে।

সূত্র: মেয়র, ছেংগারচর পৌরসভার পত্র নং-৯৮, তারিখ: ০২/১২/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে, ছেংগারচর পৌরসভায় জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি সহ প্রস্তাব প্রেরণের জন্য মেয়র, ছেংগারচর পৌরসভা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) ছেংগারচর পৌরসভার তিন বছরের আয়-ব্যয়ের হিসাব, কর্মচারীদের বেতন-ভাতা হালনাগাদ পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন;
- (খ) বর্তমানে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ মোট কত টাকা ব্যয় হয় সে বিষয়ে তথ্য;
- (গ) যে সকল কর্মচারী নিয়োগের প্রস্তাব করা হয়েছে সে সকল কর্মচারীদের নিয়োগ দেয়া হলে তাতে বেতন-ভাতা বাবদ মাসে মোট কত টাকা পৌরসভার রাজস্ব/নিজস্ব ব্যয় হবে এবং এ ক্ষেত্রে রাজস্ব ঘাটতি হবে কিনা;
- (ঘ) ছেংগারচর পৌরসভার ২০১৯-২০২০ অর্থ বছরের রাজস্ব আয়, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব আয়ের অর্থ বছর অনুযায়ী বিবরণী;
- (ঙ) পরিচ্ছন্ন কর্মী ব্যতিত ছেংগারচর পৌরসভায় মাস্টাররোলে নিয়োগকৃত কোন কর্মকর্তা/কর্মচারী আছে কিনা সে বিষয়ে তথ্য;
- (চ) উক্ত পৌরসভার অস্থায়ী কর্মচারী (সুইপার)দের প্রতিমাসে বেতন কত সে বিষয়ে প্রত্যয়ন;
- (ছ) অবসরে যাওয়া কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিকসহ অন্যান্য ভাতাদি বকেয়া আছে কিনা;
- (জ) বর্তমানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের পিএফ জিএফ বকেয়া আছে কিনা;
- (ঝ) পৌরসভা কর্তৃক পরিচালিত বিভিন্ন ব্যাংক হিসাবের স্থিতির বিবরণ (ব্যাংক ওয়ারী পৃথক পৃথক ভাবে); এবং
- (ঞ) ছাড়পত্রের জন্য প্রস্তাবিত কর্মচারীর নিম্নোক্ত 'ছক' অনুযায়ী তথ্য:

ক্রমিক	পদের নাম	সাংগঠনিক কাঠামো অনুযায়ী পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা	চাহিত পদের সংখ্যা
১	২	৩	৪	৫	৬
(১)	মোট-				


(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র
ছেংগারচর পৌরসভা
চাঁদপুর।

অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মেয়র, ছেংগারচর পৌরসভা, জেলা: চাঁদপুর।
- ০৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।